কোটচাঁদপুর ইয়াবা সহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪০পিচ ইয়াবাসহ আরিফুজ্জামান মিথুন (২৭) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

বুধবার দুপুরে শহরের গাবতলাপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী একই এলাকার আনোয়ার হোসেনের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি গাবতলাপাড়ায় ইউনুস আলী মোল্লার বাড়ির সামনে ইয়াবা সহ এক মাদক কারবারি অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে এস.আই তওফিক ও এ.এস.আই সাজ্জাদ হোসেন সঙ্গীয় ফোর্সসহ ওই এলাকায় অবস্থান নেয়।

পরে সন্দেহভাজন যুবককে আটক করা হয়।

এসময় তার দেহ তল্লাশী চালিয়ে ৪০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে পুলিশ।

ওসি জানান, আটক মাদক কারবারির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

- কোটচাঁদপুর প্রতিনিধি

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সংবাদ

সম্মেলন

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে মেহেরপুরে সংবাদ সম্মেলন করা হয়েছে। মঙ্গলবার বিকালে মেহেরপুর শহরের বোসপাড়ায় অবস্থিত জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের উপরিদর্শক শাহজালাল খান। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান।

অন্যদের মধ্যে বক্তব্য দেন কোর্ট ইন্সপেক্টর আব্দুল ওহাব, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু। ৩০ তম প্রতিষ্ঠা বার্ষীকি উপলক্ষে সপ্তাহব্যাপী নানা অন্যষ্ঠানের আয়োজন করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর।

আগামী ২ জানুয়ারী থেকে ৭ জানুয়ারী পর্যন্ত চলবে নানা কর্মসূচি। সপ্তাব্যাপী অনুষ্ঠান মালার মধ্যে রয়েছে, ২ তারিখ র্যালী, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা, ওপেন ডে, আলোক সজ্জিতকরন,

৩ তারিখ জুমার নামাযের খুতবায় মাদক সম্পর্কে বয়ান, ৪ তারিখ শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধি আলোচনা ও শপথ বাক্য পাঠ, ৫ তারিখ মাদক বিরোধী সর্টফ্লিম প্রদর্শন,

৬ তারিখ যানবাহন ও পাবলিক প্লেসে মাদক বিরোধী স্টিকার লাগানো, ৭ তারিখ স্টেক হোল্ডারদের নিয়ে সপ্তাব্যাপী আয়োজনের সমাপ্তি।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে গাঁজাসহ মহিলা আটক

মেহেরপুরের গাংনীতে ১ কেজি গাঁজাসহ কোহিনুর বেগম (৪২) নামের এক মহিলাকে আটক করেছে পুলিশ।

আটককৃত কোহিনুর বেগম কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মুন্সিগঞ্জ গ্রামের শুকচাঁদ মন্ডলের মেয়ে।

শনিবার বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলার কাজীপুর গ্রামের বুড়িপোতাপাড়া এলাকা থেকে কোহিনুর বেগমকে আটক করে স্থানীয় পীরতলা ক্যাম্প পুলিশ।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,কাজীপুর বুড়িপোতা এলাকায় মাদক পাঁচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে স্থানীয় পীরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই অজয় কুমার কুন্ডু ও সহকারী এএসআই আহমেদ আলী সেখানে অভিযান পরিচালনা করে। এ সময় কোহিনুর বেগমকে আটক করা হয়। পরে তার কাছে থাকা ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে।
– গাংনী প্রতিনিধি

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর উপজেলার আলমপুর বাজারে অভিযান চালিয়ে ২’শ গ্রাম গাজা সহ হামিদুল ও বাশার আলী নামের দুই মাদক ব্যবসায়ী কে আটক করেছে ডিবি পুলিশ।
রবিবার রাত পৌনে ৮ টার দিকে তাদের আটক করা হয়।

আটক হামিদুল গাংনী উপজেলার পুড়াপাড়া গ্রামের মৃত হাবিবুর রহমানের ও বাশার আলী একই গ্রামের বাদশার ছেলে।

ডিবি ওসি রবিউল ইসলাম জানায়, গোপন সংবাদের ভিত্তিতে আলমপুর বাজারে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় আটককৃতদের কাছ থেকে গাজা উদ্ধার করা হয়।

আটককৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করে তাদের সোপর্দ করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি:

গাংনী থেকে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে দু মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে। এরা হচ্ছে- কুষ্টিয়ার মিরপুর উপজেলার সদরপুর গ্রামের মাসুদ রেজার ছেলে মনোয়ার(২৭) ও একই গ্রামের খলিলুর রহমানের ছেলে জসিম(২৫)।

বৃহষ্পতিবার গভীর রাতে বামন্দি পুলিশ ক্যাম্পের একটি টীম এদেরকে মথুরাপুর রাস্তা থেকে গ্রেপ্তার করে। উদ্ধার করা হয় ১৩ বোতল ফেনসিডিল।

গাংনী থানার ওসি (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, গ্রেপ্তারকৃত দুজন ফেনসিডিল নিয়ে আসছে মর্মে সংবাদ পেয়ে বামন্দি পুলিশ ক্যাম্প ইনচার্জ বরকত ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাদেরকে গ্রেপ্তার করে। শুক্রবার তাদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।
- গাংনী প্রতিনিধি

শিক্ষক মিলনকে নিয়ে নিন্দার ঝড়

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা আব্দুল বাকীর ছেলে ও কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ (মিলন) পুনরায় মাদক ব্যবসার দায়ে আটক হওয়ায় নিন্দার ঝড় বইছে।

উপজেলায় চলছে আলোচনা-সমালোচনা এরকম শিক্ষক জাতীর জন্য কলঙ্ক বলেও নিন্দা প্রকাশ করেন বিভিন্ন সচেতন মহল।

জানাগেছে, গেলো ১৪ ডিসেম্বর শনিবার বিকেলে দেবীপুর গ্রামের একটি বাশঁবাগান ভারতীয় অবৈধ ফেন্সিডিল বিক্রয় করার সময় ৬০ বোতল ফেন্সিডিলসহ আবু আব্দুল্লাহ মিলন (৪০)কে আটক করে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি দল।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, শনিবার বিকেল সাড়ে ৫ টার দিকে আবু আব্দুল্লাহ (মিলন) ফেনসিডিল বিক্রির উদ্দেশ্যে দেবীপুর গ্রামের খেজমত আলীর বাঁশবাগানের নিচে অবস্থান করছিল।

গোপন সংবাদের ভিত্তিতে জেলা ডিবি পুলিশের এস আই মিরজাহুর রহমান ও এএস আই মাহাতাব সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। অভিযানে তাকে আটক করা হয়। পরে আবু আব্দুল্লাহ (মিলন) এর কাছ থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। তার নামে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারা-৩৬(১) এর ১৪(গ)/৪১একটি মামলা হয়েছে। এজাহারে অভিযুক্ত মামলা নম্বর ১৩/২৮২ তারিখ-১৪/১২/২০১৯ইং ।

অপরদিকে গাংনী থানা সূত্র জানায় গাংনী উপজেলার দেবীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা আব্দুল বাকীর ছেলে ও কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ (মিলন) মাদক ব্যবসার দায়ে আটক হয়। এর আগেও মাদক মামলায় এজাহারে অভিযুক্ত ২০১৮ সালের ২৪ ডিসেম্বর রাতে তাকে আটক করে। গাংনী থানার এফ আই আর নং ১১ তারিখ-২৫ ডিসেম্বর ২০১৮। ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ধারা-১৯(১)এর ৩(ক)/১৯ (৪)। হাজত থেকে জামিনে এসেও মাদক ব্যবসা চালিয়ে গেছেন বলেই মন্তব্য করছেন অনেকেই।

সরেজমিনে তার কর্মস্থল থেকে জানাযায়, ২০১৮ সালে মাদকসহ আটক হলেও সে জামিনে এসে বিদ্যালয়ে যোগদান করে। বিদ্যালয়ের শিক্ষক হাজিরা খাতায় জানুয়ারী ১ তারিখ থেকে ২৪ তারিখ পর্যন্ত সাইনের স্থান ফাকা রেখে ২৬ তারিখ থেকেই হাজিরা খাতায় স্বাক্ষর করা হয়েছে। তৎকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেসের আলীর ১৭/০২/১৯ইং তারিখে স্বাক্ষরিত একটি অফিস আদেশে বলা হয়েছে ৩১ ডিসেম্বর ২০১৮ইং তারিখে আটক হওয়ার কথা বলা হয়েছে।

চুড়ান্ত প্রতিবেদ না হওয়া পর্যন্ত সকল কার্যক্রম পরিচালনা করতে পারবে। সেই অফিস আদেশ হাজিরা খাতার শেষের পাতায় রাখা হয়েছে।

মাদকসহ হাতেনাতে আটক হওয়ার পরেও তখনই কেনো কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি এবিষয়ে কেউই কিছু বলতে পারেনি।

প্রধান শিক্ষক হারুন অর রশিদ বলেন আমি ঘটনা জানার পরেই অফিসারকে অবহিত করি। ইতোপূর্বে যখন আটক হয়েছিলো তখনই আমি শিক্ষা অফিসে জানিয়েছি তার বিরুদ্ধে যে কোন ব্যবস্থা নিতে পারে উপজেলা বা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) এহসানুল হাবিব জানান, আমি ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে ১৫ ডিসেম্বর জানতে পারি আমি তখনই জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অবহিত করতে পত্র প্রেরণ করেছি। পরবর্তিতে জেলা অফিস থেকে যে নির্দেশনা আসবে সেটাই বাস্তবায়ন করা হবে। তবে এটা খুবই লজ্জাজনক বিষয়। মাদকের বিরুদ্ধে সরকার কঠিন অবস্থানে আর একজন শিক্ষক সরকারী প্রতিষ্ঠানে চাকরী করে এরকম ঘৃণ্য কাজ কিভাবে করে?

- নিজস্ব প্রতিনিধি

হরিনাকুন্ডুতে বিশেষ অভিযানে দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে পুলিশ ও র্যাবের পৃথক অভিযানে ২ মাদক কারবারী আটক হয়েছে।
আটক মাদক কারবারীরা হলো-উপজেলার হরিশপুর গ্রামের রব্বানী মন্ডলের ছেলে বারেক আলী (২৮) ও পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার মোহাম্মদ জুমা গ্রামের আলী বক্সের ছেলে রেজাউল ইসলাম (৪৮)।
গতকাল বুধবার সকালে উপজেলা শহরের (লালনশাহ কলেজ) চাতাল মোড় এলাকা থেকে পুলিশ ও র্যাবের পৃথক দুটি টিম তাদেরকে গ্রেফতার করে। এ সময় তাদের কাছ থেকে ২৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। হরিনাকুন্ডু থানার ওসি আসাদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার সকালে তাদেরকে শহরের বৈঠাপাড়া গ্রামের চাতাল মোড় এলাকা থেকে তাদেরকে আটক করা হয়। আটক ব্যক্তিদের মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ আইনে পুলিশ ও র্যাবের পৃথক দুটি মামলায় কোর্ট হাজতে প্রেরণ করা হয়েছে।

– হরিনাকুন্ডু প্রতিনিধি

গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিলসহ একজন গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিল সহ জয় (২৫) নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ।
বৃহস্পতিবার রাতে উপজেলার তেরাইল গ্রামের পশ্চিমপাড়ার তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার বাড়ি থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। সে তেরাইল গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, পাচার করার জন্য জয় তার বাড়িতে ফেন্সিডিল মজুত করেছে এমন সংবাদ পেয়ে অভিযান চালানো হয়। এসময় তাকে গ্রেফতার করা হয়। উদ্ধার করা হয় ৩৫ বোতল ফেন্সিডিল। ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় জয়ের নামে গাংনী থানায় একটি মাদকের মামলা দায়ের করা হবে। মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে। পুলিশের দাবি জয় একজন মাদক ব্যবসায়ী।
-গাংনী প্রতিনিধি

জীবননগরে ২৫০ বোতল ফেনসিডিলসহ ২ মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ২৫০ বোতল ফেনসিডিলসহ দুইজনকে আটক করেছে পুলিশ। বুধবার সকালে পৌরসভার এলাকার সুবলপুর

গ্রাম থেকে তাদের কে ফেনসিডিলসহ দুইজনকে আটক করা হয়।

আটকরবৃতরা হলেন জীবননগরের সুবলপুর গ্রামের শামসুল হকের ছেলে রাশেদুল ইসলাম ও মেদেনীপুরের জহুরুল হকের ছেলে সাইফুল ইসলাম।

জীবননগর থানার ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ বলেন, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি শেখ গনি মিয়ার নেতৃত্বে এসআই সিরাজুল আলম, এএসআই মিলন, আফিফ ও ইমামুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে বুধবার সকাল সাড়ে ৭ টায় অভিযান চালায়। এ সময় জীবননগর পৌরসভার সুবলপুর প্রাইমারি স্কুলের পাশের একটি ধানক্ষেত থেকে রাশেদুল ও সাইফুলকে ২৫০ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।
তিনি আরো জানান, ফেনসিডিলসহ গ্রেফতার আসামিদের বিরুদ্ধে জীবননগর থানায় মামলার প্রস্তুতি চলছে।
- জীবননগর প্রতিনিধি